আজ গুরুত্বপূর্ণ বৈঠক

আইএসএলের কমার্শিয়াল পার্টনার হিসেবে জিনিয়াস স্পোর্টসকেই প্রথম পছন্দ ফেডারেশনের। কিন্তু অনেক ক্লাবই তাদের চাইছে না। বৃহস্পতিবার বিকেলে ক্লাবগুলির সিইও এবং মালিকদের সঙ্গে গুরুত্বপূর্ণ অনলাইন বৈঠক জিনিয়াস স্পোর্টসের।

সাক্ষাৎকারে অ্যালান বর্ডার

‘কপিলরা বোঝেইনি চিপক টেস্ট টাই হয়েছে’

দেবাশিস দত্ত

পৌনে তিনদিনে সারাক্ষণ নানা ব্যাপারে আলোচনা হয়েছে তাঁর সঙ্গে। অ্যালান বর্ডারের সেই কথাবার্তার নির্যাস তুলে ধরা হল।



■ **চেন্নাই যাওয়ার জন্য এত ছটফট করছেন কেন?**

অ্যালান বর্ডার: এবার আমার ভারত সফরের নাম নস্টালজিক ট্যুর। চেন্নাইয়ের চিপকে রয়েছে অনেক স্মৃতি। প্রথমত, ’৮৬-তে টাই টেস্টের স্মৃতি। এক বছর পর এই চিপকেই বিশ্বকাপের প্রথম ম্যাচে ১ রানে আমরা হারিয়েছিলাম ভারতকে। সে অর্থে ’৮৭ সালে আমাদের বিশ্বকাপ জেতার বীজ যেন পোঁতা হয়েছিল চিপকেই। আর কতদিন বাঁচব জানি না। এবার তাই ভাললাগার জায়গাগুলোয় যেতে চাই।

■ **টাই টেস্টের মুহূর্ত নিয়ে অনেক জটিলতা হয়েছিল।**

বর্ডার: হ্যাঁ, আম্পায়ার বিক্রম রাজু আঙুল তোলার পর ভারত দাবি করছিল, ওরা টেস্ট ম্যাচ জিতেছে। রান সংখ্যা সমান সমান হলে যে টাই হয়ে যায়, উত্তেজনার মুহূর্তে ভারতীয় শিবির খেয়াল করেনি। শুরুতে কপিলদেবরা বুঝতেই পারেনি। আমি বলেছিলাম, ম্যাচটা টাই হয়েছে। ১৯৬০-৬১ মরশুমের পর আবার টাই।

■ **১৯৬০ সালে প্রথম টাই টেস্টের দুই প্রতিপক্ষ ছিল অস্ট্রেলিয়া ও ওয়েস্ট ইন্ডিজ। খেলা হয়েছিল ব্রিসবেনে, আপনার শহরে। মাঠে ছিলেন?**

বর্ডার: না না, আমি খুব ছোট ছিলাম। পরে ভিডিওতে ক্লিপ দেখেছিলাম। চেন্নাই টেস্টেও কিন্তু ব্যাপক উত্তেজনা ছিল। সবাই ভেবেছিল, লাস্ট বলেই মনিন্দার সিং এলবিডব্লু হয়েছে। আসলে ওটা ছিল সেই ওভারের পঞ্চম বল। একটা ডেলিভারি বাকি ছিল।

■ **আপনি ক্যারি প্যাকার সিরিজে যাননি কেন?**

বর্ডার: দেশের হয়ে খেলব বলে। কারণ, তার আগেই ক্রিকেট অস্ট্রেলিয়া জানিয়েছিল, প্যাকারে নাম লেখালে নির্বাসনে পাঠানো হবে। আমি দেশের হয়ে খেলতে চেয়েছিলাম। বিশাল টাকার প্রস্তাব ছিল। তবু প্রলোভন উপেক্ষা করে দেশের হয়ে খেলায় মন দিয়েছিলাম।

■ **এখন কোনও আক্ষেপ?**

বর্ডার: না। আক্ষেপ কেন? আমি জেনেবুঝেই না বলেছিলাম।

■ **প্যাকারে নাম না লিখিয়ে, একটা শক্তপোক্ত দল তৈরি করে বিশ্বকাপ জেতানোর জন্য কোনও পুরস্কার কি ক্রিকেট অস্ট্রেলিয়া দিয়েছিল?**

বর্ডার: না। ভেতরে ভেতরে কষ্ট হয়েছিল। কিন্তু এই দুঃখের কথা কখনই কর্তাদের বলিনি।

■ **আপনি ক্রিকেট ছেড়ে দেওয়ার পর মার্ক টেলর, স্টিভ ওয়া, রিকি পন্টিং, মাইকেল ক্লার্ক, প্যাট কামিন্সরা অস্ট্রেলিয়ার ক্যাপ্টেন হয়েছেন। যদি একজনকে বেছে নিতে হয়?**

বর্ডার: মার্ক টেলর। অত্যন্ত ভদ্র, ঠান্ডা মাথায় নেতৃত্ব দিয়েছে। নিজে রানও করেছে।

■ **আপনার দলেই ছিলেন ডেনিস লিলি, জেফ টমসনের মতো ভয়ঙ্কর গতির বোলার। এই দুই জোরে বোলারকেই সেরা মনে করেন?**

বর্ডার: না। ম্যালকম মার্শাল। কোনও কোনও দিন মাইকেল হোল্ডিং। প্যাট্রিক প্যাটারসন একটা সিরিজে দুর্দান্ত গতিতে বল করেছিল। তালিকায় অ্যান্ডি রবার্টসকেও রাখব।

■ **ইমরান খানকে কোন জায়গায় রাখবেন?**

বর্ডার: শার্প বোলার। মার্শালের মতো গতি হয়তো ছিল না। কিন্তু খেলতে অসুবিধা হত। ওয়াকার ইউনিসের ইনস্যুইং ইয়র্কারও ছিল ভয়ঙ্কর।

■ **ডন ব্র্যাডম্যান সম্পর্কে কিছু বলুন।**

বর্ডার: আমাদের দেশের সর্বকালের শ্রেষ্ঠ ব্যাটার। যতবার কথা বলেছি, প্রত্যেকবার বলেছেন, মাটিতে বল রেখে খেলার চেষ্টা করো। ভালবাসতেন আমাকে।

■ **কিন্তু চ্যাপেল ভাইদের সঙ্গে স্যর ডনের সম্পর্ক ভাল ছিল না।**

বর্ডার: হ্যাঁ। ওদের দাদু ভিক্টর রিচার্ডসনের সঙ্গে বনিবনা ছিল না স্যর ডনের। পরবর্তী প্রজন্মও চেষ্টা করেনি ওই দূরত্ব মেটাতে।

■ **গোটা পৃথিবীকে অস্ট্রেলিয়াই স্লেজিং করতে শিখিয়েছে।**

বর্ডার: পুরোটা সত্যি নয়। আমি যখন অধিনায়ক ছিলাম, ববি সিম্পসনের সঙ্গে হাত মিলিয়ে ক্রিকেট মাঠে অভব্যতা না-করার সিদ্ধান্ত নিয়েছিলাম। আসলে আমরা সবাই ছোটবেলায় স্কুলে রাগবি খেলেছি। রাগবিতে চিৎকার করে কথা বলার অলিখিত নিয়ম আছে। ওই অভ্যাসই ক্রিকেট মাঠে চলে আসে।

মেসিকে অনুসরণ করছি: ইয়ামাল

আজকালের প্রতিবেদন

লামিন ইয়ামাল। লিওনেল মেসি, ক্রিশ্চিয়ানো রোনাল্ডো পরবর্তী যুগে ফুটবলের গ্লোবাল সুপারস্টার তিনি। নতুন ‘পোস্টার বয়’। এফসি বার্সিলোনার বিশ্বখ্যাত অ্যাকাডেমি লা মাসিয়া থেকে সিনিয়র দলে আসা মাত্রই নিজেকে প্রমাণ করেছিলেন তিনি। এখন সবে ১৮ বছর বয়স। এরমধ্যেই তাঁর তুলনা হচ্ছে তাবড় মহাতারকাদের সঙ্গে। বলা হচ্ছে, মেসির যোগ্য উত্তরসূরি। যিনি একসময় এই বার্সা থেকেই উঠে এসেছিলেন। ইয়ামাল কিন্তু মনে মনে এই তুলনা উপভোগই করছেন। তবে এও জানিয়েছেন, তিনি যদি মেসি যা যা করেছেন, তার অর্ধেকও অর্জন করতে পারেন, সেটাই হবে সবচেয়ে বড় প্রাপ্তি।

বার্সিলোনার হয়ে ইতিমধ্যে লা লিগা, কোপা ডেল রে, স্প্যানিশ সুপার কাপ জিতেছেন। স্পেনের ইওরো কাপ জয়েও ইয়ামালের অগ্রণী ভূমিকা ছিল। ক্লাব এবং জাতীয় দলের হয়ে দাপিয়ে খেলা এহেন ফুটবলারকে নিয়ে যে সবসময় তুলনা হবেই, এ আর নতুন কী? সম্প্রতি বিশ্বের বর্ষসেরা তরুণ ক্রীড়াবিদ হিসেবে দ্বিতীয়বার লরিয়াস ওয়ার্ল্ড স্পোর্টস অ্যাওয়ার্ডস জিতেছেন। তারপরই এক সাক্ষাৎকারে অগ্রজর সঙ্গে তুলনা নিয়ে মন খুলে কথা বলেছেন ইয়ামাল।

মেসি প্রসঙ্গে বার্সার তরুণ ফুটবলারটি বলেন, ‘আমার মতে, মেসি ইতিহাসের সর্বশ্রেষ্ঠ ফুটবলার। আশা করি, আমি ওঁর পদাঙ্ক অনুসরণ করতে পারব। মেসি এই জীবনে যা যা অর্জন করেছেন, তার অর্ধেকও করতে পারলে সেটাই হবে সবচেয়ে বড় প্রাপ্তি।’ এরপর তিনি আরও বলেন, ‘মেসি একজন কিংবদন্তি। ওঁর সঙ্গে তুলনা উপভোগ করি ঠিকই। কিন্তু আমি এখনও মেসির পাশাপাশি বসার মতো যোগ্য হয়ে উঠিনি।’

রিয়েলের জয়, ছাঁটাই চেলসির কোচ

ম্যাচের একটি মুহূর্তে রিয়েলের দুই গোলদাতা এমবাপে এবং ভিনিসিয়াস। ছবি: এএফপি

আজকালের প্রতিবেদন: লা লিগার চ্যাম্পিয়নশিপের লড়াই থেকে অনেকটাই দূরে সরে গিয়েছে রিয়েল মাদ্রিদ। শিরোপা জয়ের ক্ষেত্রে এগিয়ে এফসি বার্সিলোনা। এই পরিস্থিতিতে মঙ্গলবার রাতে আলাভেসকে ২-১ ফলে হারাল রিয়েল। গোল করলেন কিলিয়ান এমবাপে এবং ভিনিসিয়াস জুনিয়র। অন্যদিকে, ইংলিশ প্রিমিয়ার লিগে ব্রাইটনের বিরুদ্ধে ০-৩ হারের পর ছাঁটাই হলেন চেলসির কোচ লিয়াম রোজেনিয়র।

লা লিগায় আর্দা গুলেরের অ্যাসিস্ট থেকে ৩০ মিনিটে রিয়েলকে এগিয়ে দেন এমবাপে। বিরতির পর ব্যবধান বাড়ান ভিনিসিয়াস। দ্বিতীয়ার্ধের সংযুক্তি সময়ে টনি মার্টিনেজের গোলে ব্যবধান কমায় আলাভেস। ইপিএলে টানা ৫ ম্যাচ হারল চেলসি। এই ম্যাচগুলিতে একটিও গোল করতে পারেননি আলেহান্দ্রো গারনাচোরা। জানুয়ারিতে ৬ বছরের দীর্ঘ চুক্তিতে চেলসির কোচ হয়েছিলেন রোজেনিয়র। মাত্র চার মাসেই ব্রিটিশ কোচের চাকরি গেল। অন্তর্বর্তীকালীন কোচের ভূমিকায় থাকবেন ক্যালাম ম্যাকফারলেন। রবিবার লিডসের বিরুদ্ধে এফএ কাপের সেমিফাইনাল খেলবে চেলসি।

২৪ এপ্রিল মিগেলের শুনানি

আজকালের প্রতিবেদন

মিগেল ফিগেরার জন্মদিন ছিল বুধবার। আর সেদিনই তাঁকে নিয়ে ফেডারেশনের চিঠি চলে এল ইস্টবেঙ্গলে। ২৪ এপ্রিল মিগেলকে নিয়ে শুনানি। দুপুর দুটোয় অনলাইনে ফেডারেশনের প্রতিনিধিরা মিগেলের আইনজীবীর বক্তব্য শুনবেন। তারপর তাঁরা সিদ্ধান্ত নেবেন কত ম্যাচের জন্য নির্বাসিত করা হবে এই ব্রাজিলিয়ানকে। ইস্টবেঙ্গল চাইছে, যতটা কম শাস্তি দেওয়া হোক মিগেলকে।

এমতাবস্থায় পরের ম্যাচগুলোয় ইস্টবেঙ্গলের সবচেয়ে বড় চ্যালেঞ্জ মিগেলের পরিবর্ত খুঁজে পাওয়া। মহম্মদ রশিদ চোট কাটিয়ে প্রায় সুস্থ। তবে বুধবার পর্যন্ত যা পরিস্থিতি, রশিদের প্রথম একাদশে ফেরার সম্ভাবনা বেশ কম। বরং গত ম্যাচের দলের ওপরেই ভরসা রাখছেন অস্কার। শেষ মুহূর্তে গোল করে ইস্টবেঙ্গলকে জরুরি এক পয়েন্ট এনে দেওয়ার পুরস্কার পেতে চলেছেন অ্যান্টন সয়বার্গ। সব ঠিক থাকলে ওড়িশা এফসির বিরুদ্ধে প্রথম একাদশে আসতে চলেছেন তিনি। ইউসেফ এবং অ্যান্টনকে শুরু থেকে খেলিয়ে দ্রুত গোল তুলে নেওয়াই লক্ষ্য ইস্টবেঙ্গল কোচের। কারণ তিনি জানেন, এখন বাকি সব ম্যাচ কার্যত ফাইনাল। পয়েন্ট নষ্ট মানেই পিছিয়ে পড়তে হবে চ্যাম্পিয়নশিপের দৌড় থেকে।

■ বিএসএলের বিবৃতি

বেঙ্গল সুপার লিগের দল কোপা টাইগার্স বীরভূমের বিরুদ্ধে অভিযোগ, তারা মিথ্যে প্রতিশ্রুতি দিয়ে ট্রায়াল আয়োজন করছে। এই নিয়ে বিএসএলের তরফে বিবৃতি জারি করে বলা হয় যে, বিএসএল শ্রাচী স্পোর্টসের সম্পত্তি। বিএসএলে বা আইএফএ আয়োজিত কোনও প্রতিযোগিতায় খেলার ব্যাপারে কোপা টাইগার্স বীরভূম নিশ্চয়তা দিতে পারে না। এইধরনের প্রচার বিভ্রান্তি ছড়ায়।

খেলার খুচরো

» হার ইস্টবেঙ্গলের

এআইএফএফ এলিট ইয়ুথ লিগে (অনূর্ধ্ব ১৮) হার ইস্টবেঙ্গলের। রিলায়েন্স ফাউন্ডেশন ইয়ং চ্যাম্পসের কাছে ০-১ ব্যবধানে হারল লাল-হলুদের ছোটরা। ম্যাচের একমাত্র গোলটি শন ফার্নান্ডেজের করা। ৩ ম্যাচে ১ পয়েন্ট নিয়ে চার দলের গ্রুপে সবার শেষে ইস্টবেঙ্গল।

» কন্যার নিশানায়

দিয়েগো মারাদোনার মৃত্যু নিয়ে এখনও মামলা চলছে। তাঁর চিকিৎসকদের শুনানিতে ডাকা হয়েছিল। তাঁদেরই একজন নিউরোসার্জেন লিওপোল্ডো লুক। তাঁকে নিয়ে মারাদোনা-কন্যা জিয়ানিনা বলেছেন, ‘বাবার চিকিৎসা উনি করেননি বলে দায়িত্ব এড়ানোর চেষ্টা করছেন।’

» তালিকায় ভারত

ফিফার মহিলা ফুটবল ডেভেলপমেন্ট প্রোগ্রামে অন্তর্ভুক্ত হল ভারত। বুধবার এই ঘোষণাটি হয়। ভারত ছাড়াও জার্মানি, নেদারল্যান্ডস, সুইডেন, স্কটল্যান্ড, কানাডা, মেক্সিকো, ফিনল্যান্ড, জর্ডন, ঘানা, লিথুয়ানিয়া ও প্যারাগুয়েকে এই প্রোগ্রামের অন্তর্ভুক্ত করা হয়েছে।

» সিসিডি চ্যাম্পিয়ন

প্রয়াত গোপাল বসু চাইতেন, বাচ্চারা যেন সাদা পোশাকে লাল বলে খেলার দিকে বেশি মন দেয়। যেখানে তিনি প্রশিক্ষণ দিতেন, সেই ক্রিকেট ক্লাব অফ ঢাকুরিয়ায় এবার মিলেনিয়াম কাপ ক্রিকেটে এই নিয়ম অনুসৃত হল আরও একবার। সিসিডি বনাম অ্যামেচার ক্রিকেট ক্লাবের ফাইনালের শেষে আয়োজক দল চ্যাম্পিয়ন হয়েছে। পুরস্কার তুলে দেন বিওএ সভাপতি চন্দন রায়চৌধুরি। ছিলেন অশোক মালহোত্রা এবং অভিষেক ডালমিয়া।

AXIS BANK

অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

এসি মার্কেট বিল্ডিং, ৩ নং ফ্লোর, ১ শেক্সপিয়র সরণি, কলকাতা- ৭০০০৭১

পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)-এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদি আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে লেখা তারিখে নিম্নবর্ণিত বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণকে এতদ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, তৎসহ দাবি বিজ্ঞপ্তির তারিখ থেকে চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদির প্রেক্ষিতে অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড-এর প্রতি দায় সাপেক্ষ হবে।

সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কে সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ঋণগ্রহীতা/ জামিনদারের নাম এবং ঠিকানা/ এলএএন নং	ক) বিজ্ঞপ্তির তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের তারিখ (প্রতীকী)
১. মিসেস নীতা মাইতি স্বামী- রাকেশ মাইতি ২. মিঃ সোহন মাইতি পিতা- রাকেশ মাইতি উভয়ের ঠিকানা: কুকরাউল, ফুলেশ্বর, কাঁথি, পূর্ব মেদিনীপুর-৪২১৪০১ সকলের বিকল্প ঠিকানা- এল আর প্লট নং ৮০৯, জে এল নং ৪৭১, এল আর খতিয়ান নং ১০৮৩, মৌজা- ফুলেশ্বর, থানা- কাঁথি, পূর্ব মেদিনীপুর- ৪২১৪০১	ক) ১৬.০৯.২০২৫ অনুযায়ী লোন অ্যাকাউন্ট নং ৯২২০৩০০১৪৬৯৫০৫৬-এর অধীনে বকেয়া ₹৫৫,৩৯,২৪৭.১০ (এই অর্থাঙ্কে ০১.১১.২০২৪ পর্যন্ত প্রযুক্ত সুদ অন্তর্ভুক্ত রয়েছে), এবং ১৬.০৯.২০২৫ অনুযায়ী লোন অ্যাকাউন্ট নং ৯২২০৩০০১৪৬৯৫৩৫৭-এর অধীনে বকেয়া ₹৩০,০৯০.৬২ (এই অর্থাঙ্কে ০১.১১.২০২৪ পর্যন্ত প্রযুক্ত সুদ অন্তর্ভুক্ত রয়েছে) খ) ২০.০৯.২০২৫ গ) ২১.০৪.২০২৬ (প্রতীকী)

স্থাবর সম্পত্তির বিবরণ (সুরক্ষিত পরিসম্পদ)

সামান্য কমবেশি ৩০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- ফুলেশ্বর, জে এল নং ৪৭১, এল আর খতিয়ান নং ১০৮৩, এল আর প্লট নং ৮০৯, থানা- কাঁথি, এ ডি এস আর- কাঁথি ১, সারদা গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা- পূর্ব মেদিনীপুর, তৎসহ তার ওপর অবস্থিত সমস্ত নির্মাণ ও পরিকাঠামো। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- প্লট নং ৮০৯-এর অবশিষ্ট অংশ; দক্ষিণ- ৬ ফুট রাস্তা; পূর্ব- সঞ্জীব মাইতির জমি; পশ্চিম- পবন দাসের জমি।

ঋণগ্রহীতা/ জামিনদারের নাম এবং ঠিকানা/ এলএএন নং	ক) বিজ্ঞপ্তির তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের তারিখ (প্রতীকী)
১. মিঃ বৈদ্যনাথ দাস পিতা- নীরদ দাস ২. মিসেস শ্যামলী দাস স্বামী- বৈদ্যনাথ দাস উভয়ের ঠিকানা: গদাধরপুর, বেহিরা, বীরভূম, সাব ডিস্ট্রিক্ট- সিউড়ি, পশ্চিমবঙ্গ-৭৪২১৫৪	ক) ১২.১১.২০২৫ অনুযায়ী লোন অ্যাকাউন্ট নং ৯২২০৩০০৫৬০২৯৮০৮-এর অধীনে বকেয়া ₹৫,৮৩,৬৯৯.৭০ (এই অর্থাঙ্কে ০৫.০৫.২০২৫ পর্যন্ত প্রযুক্ত সুদ অন্তর্ভুক্ত রয়েছে), এবং ১২.১১.২০২৫ অনুযায়ী লোন অ্যাকাউন্ট নং ৯২২০৩০০৫৬০২৯৮১১-এর অধীনে বকেয়া ₹৫৩,৮২৬.৮৫ (এই অর্থাঙ্কে ০৫.০৫.২০২৫ পর্যন্ত প্রযুক্ত সুদ অন্তর্ভুক্ত রয়েছে) খ) ২০.১১.২০২৫ গ) ২১.০৪.২০২৬ (প্রতীকী)

স্থাবর সম্পত্তির বিবরণ (সুরক্ষিত পরিসম্পদ)

সামান্য কমবেশি ২ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- বেহিরা, জে এল নং ৬০, আই আর প্লট নং ৩৯২, খতিয়ান নং ৭২১, থানা- সিউড়ি, পোঃঅঃ- গদাধরপুর, এস আর ও- সিউড়ি, জেলা- বীরভূম, তৎসহ তার ওপর অবস্থিত সমস্ত নির্মাণ ও পরিকাঠামো।

ঋণগ্রহীতা/ জামিনদারের নাম এবং ঠিকানা/ এলএএন নং	ক) বিজ্ঞপ্তির তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের তারিখ (প্রতীকী)
১. মিঃ শেখ মইনুদ্দিন পিতা- শেখ সফিক ২. মিঃ শেখ সফিক পিতা- শেখ আলতাব ৩. মিঃ শেখ শরিফুদ্দিন পিতা- শেখ আলতাব ৪. মিঃ শেখ খায়রুদ্দিন পিতা- আলাতাব শেখ সকলের ঠিকানা: ঘোড়াপাড়া, কান্দিঘি, বীরভূম-৭৩১১২৪	ক) ১২.১১.২০২৫ অনুযায়ী লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০০৯৬০৬০৩৯-এর অধীনে বকেয়া ₹১৫,৬৬,৩৬৭.৯০ (এই অর্থাঙ্কে ০৫.০৫.২০২৫ পর্যন্ত প্রযুক্ত সুদ অন্তর্ভুক্ত রয়েছে), এবং ১২.১১.২০২৫ অনুযায়ী লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০০০৯৬০৬০৪২-এর অধীনে বকেয়া ₹৪৮,৯৫৭ (এই অর্থাঙ্কে ০৫.০৫.২০২৫ পর্যন্ত প্রযুক্ত সুদ অন্তর্ভুক্ত রয়েছে) খ) ১৫.১১.২০২৫ গ) ২১.০৪.২০২৬ (প্রতীকী)

স্থাবর সম্পত্তির বিবরণ (সুরক্ষিত পরিসম্পদ)

সামান্য কমবেশি ৬ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- ঘোড়াপাড়া, জে এল নং ২০৩, এল আর খতিয়ান নং ৪৪৯, এল আর প্লট নং ২৬২, থানা- দুবরাজপুর, পদুমা গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা- বীরভূম, তৎসহ তার ওপর অবস্থিত সমস্ত নির্মাণ ও পরিকাঠামো।

তারিখ: ২৩.০৪.২০২৬ — **অনুমোদিত আধিকারিক**

স্থান: বীরভূম, পশ্চিমবঙ্গ — **অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড**

যুকো বৈঙ্ক UCO BANK

ইউকো ব্যাঙ্ক

কলকাতা জোনাল অফিস

৫, এলএলআর সরণি, কলকাতা-৭০০০২০। ফোন: ০৩৩-৪৮০৯ ০৮৭৮ / ৪৮০৯ ০৮৭৯

ই-মেল: zocalcutta.rec@ucobank.co.in

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই-নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি

ই-নিলামের তারিখ: ৩০.০৫.২০২৬

ইএমডি ওয়ালেটে ইএমডি (বায়না জমা) দাখিলের শেষ তারিখ ও সময়: সংশ্লিষ্ট সম্পত্তি নিলামের ১ দিন আগে

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)-এর অধীনে ইউকো ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।

যেহেতু, ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক আমাদের শাখায় থাকা লোন অ্যাকাউন্টগুলিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের জন্য নিম্নলিখিত সম্পত্তিগুলি সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে জারি করা বিজ্ঞপ্তির প্রেক্ষিতে **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘রিকোর্স ছাড়া’** ভিত্তিতে বিক্রির অধিকার সমেত দখল নিয়েছেন। এই বিক্রি https://baanknet.com ওয়েবসাইটে দেওয়া ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।

সারফায়েসি অ্যাক্টের অধীনে সম্পত্তির বিক্রয় বিজ্ঞপ্তির জন্য সংরক্ষণ মূল্য নির্ধারণ:

আমাদের ব্যাঙ্কে দায়বদ্ধ নিম্নলিখিত সম্পত্তিগুলির সাম্প্রতিক মূল্যায়ন প্রতিবেদনের (১ বছরের বেশি পুরনো নয়) ভিত্তিতে এবং সংশ্লিষ্ট শাখার সঙ্গে আলোচনার প্রেক্ষিতে সারফায়েসি ক্রিয়ার অধীনে বিক্রয় প্রক্রিয়া চালুর জন্য ৩০.০৫.২০২৬ তারিখে প্রস্তাবিত নিলাম বিক্রিতে তাদের সিইসিপি-তে সংশ্লিষ্ট শাখাগুলির তরফে উল্লেখমতো সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য নির্ধারিত হয়েছে।

ক্রম নং	ক) ঋণ মঞ্জুরকারী শাখার নাম এবং ফোন নম্বর খ) অনুমোদিত ব্যক্তির নাম ও মোবাইল নম্বর	ক) ঋণগ্রহীতার নাম ও ঠিকানা খ) জামিনদার/ প্রোপ্রাইটরের নাম ও ঠিকানা	ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী অনাদায়ী বকেয়া	স্থাবর সম্পত্তির বিবরণ	ক) সংরক্ষণ মূল্য খ) বায়না জমা (ইএমডি) গ) বিড বাড়ানোর মূল্য ঘ) ই-নিলামের তারিখ ও সময়	মন্তব্য
১	ভবানীপুর শাখা ব্রজেশ কুমার ৭৯৭৯৭১১৪৮৯ ব্রাঞ্চ হেড ৮৭৭৭০৮৫৭৭০	ক) আবেদনকারী: মিসেস চম্পা সাহা খ) সহ-আবেদনকারী: মিঃ ইন্দ্রনীল সাহা	ক) ২২.০৮.২০২৫ খ) ১৫.১২.২০২৫ গ) ₹৬,৫৫,২৮৪.২৪	উপরিস্থিত সামান্য কমবেশি ১০০ বর্গফুট মাপের কাঠামো সমেত সামান্য কমবেশি ১ কাঠা ১৪ ছটাক ২ বর্গফুট জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- হরিদেবপুর, পরগনা- খাসপুর, রে সা নং ৩৫, জে এল নং ২৫, আর এস খতিয়ান নং ২৭১, ২৭৬, আর এস দাগ নং ১৭৪, ১৭৫, পরবর্তীতে ১৬৬/এন, পুটিয়ারি ব্যানার্জি পাড়া রোড, বর্তমানে ১৬৬এ, পুটিয়ারি ব্যানার্জি পাড়া রোড, থানা- পূর্বতন বেহালা ঠাকুরপুকুর, বর্তমানে হরিদেবপুর, ডিএসআর- আলিপুর, কলকাতা-৭০০০৪১, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১১৫ নং ওয়ার্ড। সম্পত্তির স্বত্বধারক মিসেস চম্পা সাহা। **চৌহদ্দি: উত্তর-** পরেশ চন্দ্র সাহার প্লট; **দক্ষিণ-** শচিরানি সাহা ও মিসেস কে সাহার জমি; **পূর্ব-** যুগল নস্করের জমি; **পশ্চিম-** ৬ ফুট চওড়া সাধারণের ব্যবহার্য চলাচলের পরিসর।	ক) ₹১৬,০৯,০০০.০০ খ) ₹১,৬০,৯০০.০০ গ) ₹১০,০০০.০০ ঘ) ৩০.০৫.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৫টা	বাস্তবিক
২	সদানন্দ রোড শাখা সেবন্তিকা ৮২৪০৮৪৫০৯১ ব্রাঞ্চ হেড ৮৪৫৫০১৯৮৯৩	ক) আবেদনকারী: ১) নিউ হাজি বিরিয়ানি প্রোপ্রাইটর: মিঃ দেবনাথ মুখার্জি খ) জামিনদারগণ: ১) মিঃ সোমনাথ মুখার্জি	ক) ২০.০৫.২০২৫ খ) ১০.০৯.২০২৫ গ) ₹৪,৮৬,৭৯৯.৬৬	চারতলা একটি বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে সামান্য কমবেশি ১০৩.০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া (বিল্ট আপ এরিয়া ৯৩.০ বর্গফুট) বিশিষ্ট একটি দোকানঘরের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ৮, সদানন্দ রোড, ওয়ার্ড নং ৮৩, কেএমসি, থানা- কালীঘাট, কলকাতা-৭০০০২৬, দক্ষিণ ২৪ পরগনা। **চৌহদ্দি: উত্তর-** পরিসর; **দক্ষিণ-** কার পার্কিং স্পেস (গ্যারাজ); **পূর্ব-** সদানন্দ রোড; **পশ্চিম-** বিক্রেতার দখলে থাকা বিদ্যমান ঘর।	ক) ₹১১